# সন্ত্রাস আইন 2000 অনুসারে আটক ব্যক্তিদের অধিকারের চিঠি

এই লিফলেট আপনি থানার হেফাজতে থাকার সময় স্কটল্যান্ডের আইনানুসারে আপনার অধিকার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য দেয়। এই ডকুমেন্টটি আপনাকে আটক অবস্থায় আপনার প্রধান অধিকার সম্পর্কে তথ্য দেয়। এটি কোনো আইনি পরামর্শ নয় এবং আপনাকে আপনার সমস্ত অধিকার সম্পর্কেও জানায় না। আপনার নিজের স্বাধীন আইনি পরামর্শ নেওয়া উচিত।

অনুগ্রহ করে যত তাড়াতাড়ি সম্ভব এই তথ্য পড়ুন। এটি আপনাকে থানায় থাকাকালীন সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। আপনি সহজে পড়ার জন্য কপি বা অনুবাদ চান কিনা অথবা এই লিফলেটের কোনো কিছু আপনি না বুঝতে পারলে অনুগ্রহ করে পুলিশকে তা জানান এবং ব্যাখ্যা করতে বলুন।

**নিজের অধিকার মনে রাখুন:**

- পুলিশ আপনাকে কেন আটকে রেখেছে আপনার তা জানার অধিকার আছে।
- আপনি কোনো আইনজীবীকে বলার অধিকার রাখেন যে আপনি থানায় আছেন। তাও বিনামূল্যে।
- আপনার কোনো হিতাকাঙ্ক্ষীকে বলার অধিকার রাখেন যে আপনি থানায় আছেন। উদাহরণস্বরূপ, ইনি আপনার পরিবারের সদস্য, যত্নকারী বা বন্ধু হতে পারেন।
- আপনার নীরব থাকার অধিকার আছে। পুলিশ আপনাকে কোনো প্রশ্ন করলে তার উত্তর দিতে আপনি বাধ্য নন। তবে আপনাকে আপনার নাম, ঠিকানা, জন্মতারিখ, আপনি কোথায় জন্মগ্রহণ করেছেন এবং আপনার জাতীয়তা জানাতে হবে।
- পুলিশের আপনাকে প্রশ্ন করার আগে ব্যক্তিগতভাবে অবিলম্বে যে কোনো আইনজীবীর সাথে কথা বলার অধিকার আপনার আছে। পুলিশ আপনাকে যখন প্রশ্ন করবে তখন আপনি যে কোনো সময় যে কোনো আইনজীবীর সাথে কথা বলতে পারেন।
- আপনার বয়স 16 বা 18 বছরের কম হলে এবং বাধ্যতামূলক তত্ত্বাবধানের আদেশের অধীনে হলে, পুলিশ স্টেশনে আপনার সাথে আপনার পিতা/মাতা বা অভিভাবকের দেখা করার অধিকারও রয়েছে।
- আপনার জরুরি চিকিৎসা সহায়তা পাওয়ার অধিকার আছে।

## আপনার অধিকার

অনুগ্রহ করে মনে রাখবেন: ব্যতিক্রমী পরিস্থিতিতে, পুলিশের এই অধিকারগুলির কয়েকটি আপনার জন্য প্রযোজ্য হওয়ার ক্ষেত্রে বিলম্বিত করার বা আটকানোর অধিকার রয়েছে। উদাহরণস্বরূপ, যদি পুলিশ মনে করে যে অন্য কারও হানি হওয়া আটকাতে তাদের আপনার সাথে কথা বলা দরকার। **এতে আপনার নীরব থাকার অধিকার অন্তর্ভুক্ত নয়।**

### 1. পুলিশি হেফাজতে আটক ব্যক্তিদের জন্য তথ্য

- **কেন আপনাকে গ্রেপ্তার ও আটক করা হয়েছে সে বিষয়ে জানা**

পুলিশের পক্ষ থেকে আপনাকে অবশ্যই তথ্য দিতে হবে যাতে আপনি বুঝতে পারেন যে কেন আপনাকে গ্রেপ্তার করা হয়েছে এবং কেন আপনাকে সন্ত্রাসবাদ করার, তার প্রস্তুতি নিতে বা তাতে প্ররোচনায় জড়িত থাকার বিষয়ে সন্দেহ করা হচ্ছে।

থানায় পুলিশের পক্ষ থেকে আপনাকে অবশ্যই জানাতে হবে কেন তারা বিশ্বাস করে যে আপনাকে আটক করা দরকার।
সন্ত্রাসবাদে সন্দেহভাজন হিসাবে আপনার সম্পৃক্ততা সম্পর্কে আপনাকে কোনো প্রশ্ন জিজ্ঞাসা করার আগে, পুলিশকে অবশ্যই আপনাকে বা আপনার আইনজীবীকে যথেষ্ট তথ্য দিতে হবে যে আপনি কী করেছেন বলে তারা মনে করে, যাতে আপনি পুলিশ তদন্তে নিজেকে রক্ষা করতে পারেন।

- **নীরবতার অধিকার**

আপনি কী করেছেন বলে পুলিশ মনে করছে এই সংক্রান্ত কোনো প্রশ্নের উত্তর আপনাকে দিতে হবে না।

আপনি যা কিছু বলবেন তা লিপিবদ্ধ বা রেকর্ড করা হবে এবং আপনার মামলা আদালতে গেলে বিচারের সময় প্রমাণ হিসাবে ব্যবহার করা যেতে পারে।

পুলিশকে আপনার নাম এবং ঠিকানা, জন্মতারিখ, জন্মস্থান এবং জাতীয়তা জানাতে হবে, যখন তারা আপনাকে এইসব তথ্য জিজ্ঞাসা করবে।

- **কোনো আইনজীবীকে জানানো যে আপনি থানায় আছেন**

পুলিশকে কোনো আইনজীবীকে জানাতে বলতে পারেন যে আপনি থানায় আছেন। এটি আপনার নিজের আইনজীবী হতে পারে অথবা আপনি কোনো আইনজীবীকে না জানলে অন-কল আইনজীবী পেতে পারেন। পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব কোনো আইনজীবীর সাথে আপনার যোগাযোগ করানোর ব্যবস্থা করবে। তাও বিনামূল্যে।

আপনার হিতাকাঙ্ক্ষীকে কাউকে বলা যে আপনি থানায় আছেন।

আপনি পুলিশকে অন্য কারো সাথে যোগাযোগ করে জানাতে বলতে পারেন যে আপনি থানায় আছেন। তিনি আপনার পরিবারের কেউ, আপনার জীবনসঙ্গী, আপনার যত্নকারী, আপনার বন্ধু বা পরিচিত অন্য কেউ হতে পারেন। তারা যত তাড়াতাড়ি সম্ভব আপনার জন্য কারো সাথে যোগাযোগ করবে।

### আপনার বয়স 16 বছরের কম হলে (বা 18 বছরের কম হলে এবং বাধ্যতামূলক তত্ত্বাবধানের আদেশ সাপেক্ষে)

- পুলিশকে অবশ্যই আপনার পিতা/মাতা বা অভিভাবককে জানানোর চেষ্টা করতে হবে যে আপনি থানায় আছেন।
- আপনার পিতা/মাতা বা অভিভাবক থানায় এসে আপনাকে সহায়তা করতে পারেন।

- **আপনাকে সাহায্য করার জন্য দোভাষী নেওয়া**

আপনি ইংরেজি বলতে বা বুঝতে না পারলে, পুলিশ আপনাকে সাহায্য করার জন্য আপনার ভাষায় কথা বলেন এমন একজনের ব্যবস্থা করবে (দোভাষী)। তাও বিনামূল্যে। থানায় কী বলা হচ্ছে তা আপনার বুঝতে পারা খুব দরকার।

আপনি বধির হলে বা স্পষ্টভাবে কথোপকথনে সমস্যা হলে, পুলিশ আপনাকে সাহায্য করার জন্য কাউকে আনার ব্যবস্থা করবে। তিনি ব্রিটিশ সাইন ল্যাঙ্গুয়েজ দোভাষী বা অন্য উপযুক্ত পেশাদার হতে পারেন। তাও বিনামূল্যে।

- **আপনি ব্রিটিশ না হলে**

আপনি যদি ব্রিটিশ না হন, তাহলে পুলিশকে আপনার হাই কমিশন, দূতাবাস বা কনস্যুলেটের সাথে যোগাযোগ করে জানাতে বলতে পারেন যে আপনি থানায় আছেন এবং কেন আছেন। তারা আপনার সাথে একান্তে দেখা করতে পারেন এবং আপনার সাথে দেখা করার জন্য আইনজীবীর ব্যবস্থা করতে পারে।

- **আপনাকে চার্জ করা হলে কী হবে?**

যদি আপনার বিরুদ্ধে কোনো অপরাধের অভিযোগ আনা হয়, তাহলে আপনাকে হেফাজত থেকে মুক্তি দেওয়া হতে পারে অথবা থানায় রেখে পরবর্তী কার্যদিবসে আদালতে নিয়ে যাওয়া হতে পারে। অথবা আপনি কোনো নির্দিষ্ট তারিখে আদালতে যেতে সম্মত হলে মুক্তিও পেতে পারেন।

- **ডকুমেন্টে প্রবেশাধিকার**

আপনার মামলা আদালতে গেলে মামলার সাক্ষ্যপ্রমাণের ডকুমেন্ট আপনাকে বা আপনার আইনজীবীকে দেওয়া হবে। এটি আপনাকে বা আপনার আইনজীবীকে আপনার আত্মরক্ষার প্রস্তুতি নিতে দেবে।

আপনি ইংরেজি না বুঝলে প্রাসঙ্গিক তথ্যের অনুবাদ করার অধিকার আপনার আছে।

- **চিকিৎসা সহায়তায় প্রবেশাধিকার**

পুলিশ আপনাকে আপনার স্বাস্থ্য ও সুস্থতা সম্পর্কে প্রশ্ন করবে। আপনার কোনো অসুখ থাকলে বা ওষুধ সেবন করলে পুলিশকে জানানো দরকার। আপনার কোনো মাদক বা অ্যালকোহল আসক্তি থাকলে বা নিজের ক্ষতি করার কথা ভাবছেন কিনা তাও পুলিশকে জানানো দরকার।

পুলিশ কোনো ডাক্তারকে আপনাকে পরীক্ষা করতে বলতে পারে। হেফাজতে থাকাকালে আপনাকে সঠিকভাবে দেখাশোনা করা হয়েছে তা নিশ্চিত করতে এটি সাহায্য করে। আপনি যদি মনে করেন যে আপনার কোনো ডাক্তারের সাথে দেখা করা দরকার, তাহলে পুলিশকে জানান।

আপনি অসুস্থ হলে আপনার চিকিৎসা সহায়তা পাওয়ার অধিকার আছে।

- **খাদ্য ও পানীয়**

আপনার অনুরোধে জল দেওয়া হবে। আপনি চার ঘন্টার বেশি সময় ধরে হেফাজতে থাকলে আপনাকে খাবারও দেওয়া হবে। আপনার কোনো বিশেষ খাবার বা ধর্মীয় কারণ থাকলে যত তাড়াতাড়ি সম্ভব পুলিশকে জানান।

- **অভিযোগ করা**

আপনি যখন হেফাজতে থাকেন তখন যদি অভিযোগ করতে চান, তাহলে ইন্সপেক্টর বা উচ্চপদস্থ কারও সাথে কথা বলুন। আপনি মুক্তি পাওয়ার পর যদি অভিযোগ করতে চান, তাহলে যে কোনো থানায় যেতে পারেন বা 101 নম্বরে কল করতে পারেন। এছাড়াও আপনি অন্য কাউকে আপনার হয়ে অভিযোগ করতে বলতে পারেন, এক্ষেত্রে আপনি অবশ্যই তাদের লিখিত সম্মতি দেবেন। এই ব্যক্তি পিতা/মাতা, বন্ধু,

জীবনসঙ্গী বা আপনার বিশ্বস্ত যে কেউ হতে পারেন।

আপনার গ্রেপ্তারের সময় বা পুলিশ হেফাজতে থাকার সময় কোনো পুলিশ অফিসার দ্বারা আপনি আহত বা আঘাতপ্রাপ্ত হলে আপনার পুলিশ স্কটল্যান্ড প্রফেশনাল স্ট্যান্ডার্ড ডিপার্টমেন্টে অভিযোগ জানানো উচিত।

**আপনার যদি অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয় (অনুগ্রহ করে মনে রাখবেন, এটি শুধু পরিষেবা সম্পর্কে তথ্য, কোনো অধিকার নয়):**

আপনি যখন থানায় থাকবেন তখন কী ঘটছে তা বোঝার জন্য আপনার সাহায্যের দরকার হতে পারে। এই সাহায্য উপযুক্ত প্রাপ্তবয়স্ক কোনো সহায়তাকারী ব্যক্তি করতে পারেন। আপনার মানসিক ব্যাধি বা শেখার প্রতিবন্ধকতা থাকলে আপনার এমন সাহায্য লাগতে পারে। আপনি যদি মনে করেন যে আপনার এই সহায়তা দরকার, তাহলে পুলিশের সাথে কথা বলুন।

পুলিশ যদি মনে করে যে আপনার উপযুক্ত প্রাপ্তবয়স্কের সহায়তা দরকার, তাহলে তারা এমন কাউকে উপস্থিত থাকতে বলবে, এমনকি আপনি এমন কাউকে আসতে না বললেও।

## 2. পুলিশ যাদের জিজ্ঞাসাবাদ করতে যাচ্ছে তাদের জন্য তথ্য

- **আপনাকে সাহায্য করার জন্য আইনজীবী পাওয়া**

আপনি কোনো আইনজীবীর সাথে কথা বলতে চাইলে পুলিশকে বলুন। পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব আপনার জন্য কোনো আইনজীবীর সাথে যোগাযোগ করবে।

আইনজীবীর ভূমিকা হল আপনার অধিকার রক্ষা করা এবং আপনাকে আইনি পরামর্শ দেওয়া।

আপনি নিজের পরিচিত কোনো আইনজীবীর সাথে বা অন-কল আইনজীবীর সাথে কথা বলতে পারেন। এই আইনজীবী স্বাধীন এবং পুলিশের হয়ে কাজ করেন না।

আইনজীবীই আপনাকে জানাবেন যে তিনি আপনাকে বিনামূল্যে পরামর্শ দিতে পারে নাকি আপনাকে পরামর্শের জন্য অর্থ প্রদান করতে হবে। যদি আপনাকে অর্থ প্রদান করতে হয়, তাহলে তিনি ব্যাখ্যা করবেন যে এর জন্য কত খরচ হবে এবং আপনি কীভাবে সেই অর্থ প্রদান করতে পারেন। পুলিশ আপনার আইনজীবীর জন্য অর্থ প্রদান করবে না বা আপনার আইনজীবীকে কীভাবে অর্থ প্রদান করা হয় সে সম্পর্কে কথা বলবে না।

পুলিশ আপনাকে প্রশ্ন করার আগে আপনাকে কোনো আইনজীবীর সাথে ব্যক্তিগত কথোপকথনের অনুমতি দেওয়া হয়, যদি না নিরাপত্তার কারণে আইনজীবীর আপনার সাথে যোগাযোগের আগেই আপনাকে কোনো জরুরি বিষয়ে প্রশ্ন করার দরকার হয়।

আপনি যে কোনো সময় আইনজীবীর সাথে কথা বলার বিষয়ে আপনার মত পরিবর্তন করতে পারেন। যত তাড়াতাড়ি সম্ভব পুলিশকে তা বলুন এবং তারা আপনার জন্য কোনো আইনজীবীর সাথে যোগাযোগ করবে।

যদি আইনজীবী থানায় আসার কথা থাকলেও না আসেন অথবা আপনাকে আবার আপনার আবার আইনজীবীর সাথে কথা বলার দরকার হয়, তাহলে পুলিশকে আবার আইনজীবীর সাথে যোগাযোগ করতে বলুন।

পুলিশ যখন আপনাকে জিজ্ঞাসাবাদ করে তখন আপনার সাথে সেই ঘরে আইনজীবী রাখার অধিকার আপনার রয়েছে, যদি না নিরাপত্তার কারণে আইনজীবীর আপনার সাথে যোগাযোগের আগেই আপনাকে প্রশ্ন করার দরকার হয়।

- **জিজ্ঞাসাবাদের জন্য কতক্ষণ আপনাকে আটকে রাখা যাবে?**

পুলিশ আপনাকে কোনো অপরাধে অভিযুক্ত না করে 48 ঘন্টা পর্যন্ত জিজ্ঞাসাবাদের জন্য আটকে রাখতে পারে। তাহলেও, আপনাকে তখনও আটকে রাখা উচিত কিনা তা দেখতে মাঝে-মধ্যে একজন সিনিয়র পুলিশ

অফিসার আপনার মামলাটি দেখবেন। একে রিভিউ বলা হয়। আদালত অনুমতি দিলে তবেই আপনাকে 48 ঘন্টার বেশি আটকে রাখা হতে পারে। আদালত আপনার গ্রেফতারের পর থেকে সর্বোচ্চ 14 দিন পর্যন্ত চার্জ ছাড়াই আটকের মেয়াদ বাড়াতে পারে। এই পরিস্থিতিতে আপনাকে অবশ্যই নিম্নলিখিতগুলি দিতে হবে:

- আপনার আটকের মেয়াদ বাড়ানোর আবেদন করা একটি লিখিত ডকুমেন্ট;
- আবেদন করার সময়;
- আদালতে আবেদনের শুনানির সময় এবং
- আরও বেশিক্ষণ আটক রাখতে চাওয়ার কারণ।

আপনার আটকের মেয়াদ বাড়ানো বা আরও বাড়ানোর জন্য প্রতিবার আবেদন করার ক্ষেত্রে আপনাকে (এবং আপনার আইনি প্রতিনিধিকে) একটি করে নোটিশ দিতে হবে।

আপনার এবং আপনার আইনজীবীর এই সিদ্ধান্ত সম্পর্কে আপনার বক্তব্য রাখার অধিকার আছে, অবশ্য যদি আপনি উপযুক্ত অবস্থায় না থাকেন। আইনজীবী আপনাকে এই বিষয়ে পরামর্শ দিতে পারেন।

- **ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটর**

কমিউনিটির এমন সদস্য আছেন যাদের থানায় প্রবেশের অনুমতি দেওয়া হয়েছে। তারা ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটর হিসাবে পরিচিত এবং আটক ব্যক্তিদের সাথে সঠিক আচরণ করা হচ্ছে কিনা এবং তাদের অধিকার বজায় আছে কিনা তা নিশ্চিত করার জন্য স্বেচ্ছায় কাজ করেন।

আপনার কোনো ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটরের সাথে দেখা করার বা তাদের আপনার সাথে দেখা করতে বলার অধিকার নেই, কিন্তু তারা চাইলে আপনার সাথে দেখা করতে চাইতে পারেন। আপনি হেফাজতে থাকার সময় কোনো ইন্ডিপেন্ডেন্ট কাস্টডি ভিজিটর আপনার সাথে দেখা করলে, তিনি আপনার কল্যাণ এবং অধিকার সুরক্ষিত হয়েছে কিনা তা দেখার জন্য পুলিশের এক্তিয়ারের বাইরে স্বাধীনভাবে কাজ করবেন। তাদের সাথে কথা বলতে চান কিনা সেই সিদ্ধান্ত আপনার।